

Class - IV
Subject - 2nd Language Bengali
Worksheet
Chapter - 2 " বিষম বিপত্তি " রবীন্দ্রনাথ ঠাকুর

কবিতার সারসংক্ষেপ :-

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর "বিষম বিপত্তি" কবিতায় সদ্য জ্বরমুক্ত এক বালকের জীবনের বিষম সমস্যার কথা মজার ভঙ্গিতে তুলে ধরেছেন।

সদ্য জ্বরমুক্ত ছোট বালকটির জীবনে ওষুধ ও পথ্যের বাধানিষেধ নিয়ে উপস্থিত হলেন ডাক্তারবাবু চুনিলাল। আর সেটাই বালকের কাছে এক বিপত্তি হয়ে দেখা দিল। যখন জ্বরমুক্ত বালকটি আরোগ্য লাভের পথে তখন তার নির্ধারিত পথ্য শুধুমাত্র জল-সাবু। প্রিয় কুল ও আমড়ায় বাড়ির সবার নিষেধ জারি হল।

বালকটির জ্বর হওয়ার একটা সুবিধা ছিল যে, স্কুলের পড়াশোনা ও কিনুরাম মাস্টারমশাই-এর শাসন থেকে তার রেহাই। কিন্তু একই সঙ্গে ফুটবল ম্যাচে উপস্থিত হওয়া থেকে বঞ্চিত থাকটা যে ছেলেটির কাছে কতখানি কষ্টকর ছিল সে কথাও কবি তাঁর কবিতায় লিখেছেন।

একদিকে জ্বর হলে ডাক্তারের ওষুধ-পথ্যের বাধানিষেধ অন্যদিকে সুস্থ হলে স্কুলের পড়াশোনা ও মাস্টারের শাসন এই দুটি সমস্যায় ছোট ছেলেটি একেবারে নাজেহাল হয়ে পড়ল। ডাক্তারবাবু ও মাস্টারমশাই এই দুজনকেই তার জীবনে দুটি মূর্তিমান বিপদের মতো মনে হল যার থেকে তার আর মুক্তি নেই।

ছোট ছেলেটির এরূপ অদ্ভুত মানসিকতাকে মজার ভঙ্গিতে অতি সুন্দরভাবে রূপ দিয়েছেন কবি এই "বিষম বিপত্তি" কবিতায়।

প্রঃ ১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-

(ক) আপত্তি - (খ) দঙ্গল - (গ) একরত্তি - (ঘ) গিট - (ঙ) যত্নে -

পঃ২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

- (ক) পথি কাকে বলে ?
- (খ) জ্বর হওয়ায় ছেলেটির কি কি সুবিধা ও কি কি অসুবিধা হয়েছিল ?
- (গ) দুটি রত্ন কারা ? কিভাবে তারা ছেলেটিকে বিপদে ফেলেছিল ?

পঃ৩) সঠিক উত্তর বেছে নিয়ে লেখো :-

- (ক) সমান ভীষণ জানি চুনিলাল (মোক্তার / ডাক্তার / মাস্টার)
- (খ) কিন্তু যে বুক ফাটে দূর থেকে দেখি (ঘাটে / বাটে / মাঠে)
- (গ) ফুটবল ম্যাচ জমে ছেলেদের (মঙ্গল / জঙ্গল / দঙ্গল)

পঃ৪) নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো :-

- ক) মঙ্গল -
- খ) যত্ন -
- গ) পথ -
- ঘ) পন্ডিত -
- ঙ) সমান -

দ্বিতীয় অধ্যায় - কবিতা "বিষম বিপত্তি"

পাঠমালা ১১ আর ১২ পৃষ্ঠা

বাড়ির কাজ :-

নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-

৫) শূন্যস্থান পূরণ করো :-

- (ক) এবং (খ)

৭) অর্থ পার্থক্য দেখিয়ে বাক্য রচনা করো :-

- (ক) জ্বর (খ) আমড়া (গ) কুলে
- জড় আমরা কুলে
